

উড়োজাহাজ বিধ্বস্ত হয়ে প্রাণ গেল পাইলটের

- A Monitor Desk Report

Date: 26 August, 2023



যুদ্ধবিমান বিধ্বস্ত হয়ে যুক্তরাষ্ট্রের মেরিন কর্পসের এফ/এ-১৮ হর্নেট এর এক পাইলট নিহত হয়েছেন। স্থানীয় সময় ২৪ আগস্ট রাতে সান ডিয়েগোর কাছে এ দুর্ঘটনা ঘটে। এক বিবৃতিতে তার মৃত্যুর বিষয়টি নিশ্চিত করা হয়েছে।

সংবাদমাধ্যমের এক প্রতিবেদনে বলা হয়েছে, ওই যুদ্ধবিমানে পাইলট ছাড়া আর কোনো আরোহী ছিল না।

দুর্ঘটনার পর পরই সেখানে উদ্ধার ও তল্লাশি টিমের সদস্যদের মোতায়েন করা হয়। তারা ঘটনাস্থল থেকে পাইলটের মরদেহ উদ্ধারের পরই তার নিহত হওয়ার বিষয়টি নিশ্চিত করেন।

নর্থ ক্যারোলিনার সেকেন্ড মেরিন এয়ারক্রাফট উইং অ্যান্ড মেরিন কর্পস এয়ার স্টেশন চেরি পয়েন্ট এক বিবৃতিতে যুদ্ধবিমান বিধ্বস্ত ও এর পাইলটের মৃত্যুর বিষয়টি নিশ্চিত করেছে।

ওই বিবৃতিতে নিহত পাইলটের পরিবারের প্রতি গভীর সমবেদনা প্রকাশ করা হয়েছে। তবে এখনই ওই পাইলটের পরিচয় জানানো হচ্ছে না।

আরও পড়ুন: [মালয়েশিয়ায় উড়োজাহাজ বিধ্বস্ত হয়ে নিহত ১০](#)

কী কারণে ওই দুর্ঘটনা ঘটেছে তা এখনো নিশ্চিত নয়। ওই দুর্ঘটনার বিষয়ে তদন্ত শুরু হয়েছে বলে নিশ্চিত করেছে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ।

এফ/এ-১৮ হর্নেট হলো যুক্তরাষ্ট্রের প্রথম যুদ্ধবিমান, যা সব আবহাওয়ায় কার্যক্রম পরিচালনায় সক্ষম। এটি শত্রুপক্ষকে আক্রমণের জন্য বহুল ব্যবহৃত উড়োজাহাজ।

-B